**Class test F.M- 10**

নিচের প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে নিয়ে লেখো:-

1.ইমন খাতায় লিখল— "সুন্দর ফুলটি বাগানে ফুটেছে।"
এই বাক্যে 'সুন্দর' শব্দটি কোন পদ হিসেবে ব্যবহৃত হয়েছে?
বিশেষ্য / বিশেষণ / ক্রিয়া / সর্বনাম।

2.নিচের কোনটি পদে পরিবর্তিত হয়ে বাক্যের অংশ হতে পারে?
শুধু শব্দ / বাক্যে ব্যবহৃত শব্দ / এলোমেলো অক্ষর / অর্থহীন ধ্বনি।

3. "আগামী শুক্রবার বিদ্যালয় ছুটি থাকবে।" - বাক্যটিতে কতগুলি পদ রয়েছে?
দুটি/ তিনটি/ পাচঁটি/ একটি।

4. নিচের কোনটি পদ উল্লেখ করো -
আরোহী / বিদ্যালয়ে / তাঁর / অমিত।

5.বাক্য: "অমিত বিদ্যালয়ে যায়।"
মন্তব্য : "অমিত" হলো বাক্যের বিধেয়।
কারণ : উদ্দেশ্য সম্পর্কে যে তথ্য দেওয়া হয়, তাকে বিধেয় বলে।
মন্তব্য ও কারণ উভয়ই ঠিক / মন্তব্য ও কারণ উভয়ই ভুল / মন্তব্য ঠিক, কারণ ভুল / মন্তব্য ভুল,কারণ ঠিক।

6. অর্থপূর্ণ শব্দ সমষ্টিকে কি বলে ?
শব্দ / পদ / বাক্য / ধ্বনি।

7.মন্তব্য: "বিধেয় সবসময় বাক্যের শেষে থাকে।"
কারণ: "উদ্দেশ্য সব সময় বাক্যের প্রথমে বসে।"
মন্তব্য ও কারণ উভয়ই ঠিক / মন্তব্য ও কারণ উভয়ই ভুল / মন্তব্য ঠিক, কারণ ভুল / মন্তব্য ভুল,কারণ ঠিক।

8.নিচের বাক্যটির উদ্দেশ্য কোনটি?
বাক্য: ছোট ছেলেটি সুন্দর ছবি আঁকে।
সুন্দর ছবি / আঁকে / ছোট ছেলেটি / ছবি আঁকে।

9.নিচের বাক্যটির বিধেয় কোনটি?
বাক্য: আমাদের বিদ্যালয়টি অনেক সুন্দর।
আমাদের / বিদ্যালয়টি / অনেক সুন্দর / বিদ্যালয়টি অনেক।

10.বাক্যটি পড়ে উদ্দেশ্য ও বিধেয় নির্ণয় করো।
বাক্য: বৃদ্ধ মানুষটি ধীরে হাঁটেন।
উদ্দেশ্য—ধীরে, বিধেয়—হাঁটেন / উদ্দেশ্য—বৃদ্ধ মানুষটি, বিধেয়—ধীরে হাঁটেন / উদ্দেশ্য—হাঁটেন, বিধেয়—মানুষটি / উদ্দেশ্য—বৃদ্ধ, বিধেয়—মানুষটি।